গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
(প্রশাসন-২ শাখা)

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০১৯-২০ বাস্তবায়নের জন্য নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর/১৯) সভার কার্যবিবরণী।

সভাপতিঃ আবদুল্লাহ আল মোহসীন চৌধুরী
সচিব ও সভাপতি, নৈতিকতা কমিটি
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

সভার তারিখঃ ০৮/০১/২০২০ সময়ঃ বিকাল ৩-০০টা
সভার স্থানঃ মন্ত্রণালয়ের সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যগণের তালিকাঃ পরিশিষ্ট- ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর পর্যায়ক্রমে বিষয়সমুহ সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়। নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের ২০১৯-২০ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের ২য় কোয়ার্টারের (অক্টোবর-ডিসেম্বর/ ১৯) তথ্য সভায় উপস্থাপন করেন।

| ক্রমিক | বিষয় | মোট লক্ষমাত্রা | ২য় কোয়াঃ পর্যন্ত লক্ষমাত্রা | ২য় কোয়াঃ পর্যন্ত অর্জন |
|---|---|---|---|---|
| ১.১ | নৈতিকতা কমিটির সভা আয়োজন | ৪টি | ২টি | ২টি |
| ১.২ | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | ১০০% | ১০০% | ১০০% |
| ২.১ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আয়োজন | ২টি | ১টি | - |
| ২.২ | অংশীজনের অংশগ্রহণে সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | ১০০% | - | - |
| ২.৩ | কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন | ৯৫ জন | ৪৫ জন | ৯০ জন |
| ২.৪ | কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | ৯৫ জন | ৪৫ জন | ১০০ জন |
| ৩.১ | ঝুকিপূর্ণ বর্জ্য (ই-বর্জ্য) ব্যবস্থাপনা বিধিমালা ২০১৯ প্রণয়ন | ৩০/০৬/২০ | - | - |
| ৩.২ | নির্মল বায়ু আইন ২০১৯ এর খসড়া প্রনয়ণ | ৩০/০৬/২০ | - | - |
| ৪.১ | সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ স্ব স্ব তথ্য বাতায়নে দৃশ্যমানকরণ | ৩০/০৯/১৯ | ৩০/০৯/১৯ | ৩০/০৯/১৯ |
| ৪.২ | স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণ | ৩০/০৯/১৯ | ৩০/০৯/১৯ | ৩০/০৯/১৯ |
| ৪.৩ | স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ | ৩১/১২/১৯ | ৩১/১২/১৯ | ৩১/১২/১৯ |
| ৪.৪ | স্ব স্ব ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদকরণ | ৩০/০৯/১৯ | ৩০/০৯/১৯ | ৩০/০৯/১৯ |
| ৪.৫ | স্ব স্ব ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদকরণ | ৩০/০৯/১৯ | ৩০/০৯/১৯ | ৩০/০৯/১৯ |
| ৫.১ | উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ | ৩১/১০/১৯ | - | - |
| ৫.২ | বাংলাদেশ জাতীয় ডিজিটাল আর্কিটেকচার-এর ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ ও ওয়েবসাইটে প্রকাশ | ৩১/১২/১৯ | ৩১/১২/১৯ | ৩১/১২/১৯ |
| ৫.৩ | জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা প্রদান) বিধিমালা, ২০১৭-এর বিধি ৪ অনুসারে "ডেজিগনেটেড অফিসার" নিয়োগ ও ওয়েবসাইটে প্রকাশ | ৩১/১২/১৯ | ৩১/১২/১৯ | ৩১/১২/১৯ |
| ৬.১ | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রনালয়ের সক্ষমতা বৃদ্ধি ও শক্তিশালীকরণ প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন | ৩০/০৯/১৯ | ৩০/০৯/১৯ | ৩০/০৯/১৯ |
| ৬.২ | এডিপি বাস্তবায়ন অগ্রগতি | ১০০% | ৩০% | ১০.২৬% |
| ৬.৩ | প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/ পরিবীক্ষণ | ৬টি | ৫টি | - |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬.৪ | প্রকল্প পরিদর্শন/পরিবীক্ষণ প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন | ১০০% | ১০০% | ১০০% |
| ৭.১ | পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০১৯-২০ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | ৩০/০৯/১৯ | ৩০/০৯/১৯ | ৩০/০৯/১৯ |
| ৭.২ | ই-টেন্ডারের মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন | ৪০% | ১০% | - |
| ৮.১ | স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন | ১০০% | ১০০% | ১০০% |
| ৮.২ | শাখা/অধিশাখা এবং অধীনস্থ অফিস পরিদর্শন | ৪০টি | ২০টি | ২১টি |
| ৮.৩ | শাখা/অধিশাখা এবং অধীনস্থ অফিসের পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন | ১০০% | ১০০% | ১০০% |
| ৮.৪ | সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ | ১০০% | ১০০% | ১০% |
| ৮.৫ | শ্রেণি বিন্যাসকৃত নথি বিনষ্টকরণ | ১০০% | ১০০% | - |
| ৯.১ | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এবং এর অধীনস্ত দপ্তর/সংস্থায় ব্যবহৃত টেকনিক্যাল শব্দসমুহের ব্যবহার ও পরিচিতি নিয়ে একটি “শব্দ কণিকা” প্রকাশ | ৩১/১২/১৯ | ৩১/১২/১৯ | ৩১/১২/১৯ |
| ৯.২ | নৈতিকতা সম্পর্কিত লিফলেট/পোস্টার প্রস্তুত/ বিতরণ | ৩১/০৩/২০ | - | - |
| ৯.৩ | মন্ত্রণালয়ের কার্যক্রমসমুহ সহজে জনসম্মুখে তুলে ধরার জন্য ডিজিটাল ডিসপ্লে বোর্ড (KIOSK) স্থাপন | ৩১/০৩/২০ | - | - |
| ৯.৪ | মন্ত্রণালয়ের ওয়েবসাইটে ডিজিটাল ক্যালেন্ডার সংযোজন | ৩০/০৯/১৯ | ৩০/০৯/১৯ | ৩০/০৯/১৯ |
| ৯.৫ | মন্ত্রণালয়ের ওয়েবসাইটে ডিজিটাল গার্ডফাইল সংযোজন | ৩১/১২/১৯ | ৩১/১২/১৯ | ৩১/১২/১৯ |
| ১০.১ | শুদ্ধাচার পুরস্কার প্রদান | ৩০/০৬/২০ | - | - |
| ১০.২ | আওতাধীন ও অধস্তন কার্যালয়ে শুদ্ধাচার পুসস্কার প্রদানের নিমিত্ত ৩২১১১০১ কোডে অর্থ বরাদ্দ | ৩০/০৯/১৯ | ৩০/০৯/১৯ | ৩০/০৯/১৯ |
| ১১.১ | শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অর্ন্তভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমাণ | ১২ লক্ষ টাকা | ১২ লক্ষ টাকা | ১২ লক্ষ টাকা |
| ১২.১ | মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠান কর্তৃক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৯-২০ মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | ০৩/০৭/১৯ | ০৩/০৭/১৯ | ০৩/০৭/১৯ |
| ১২.২ | নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | ১৫/১০/১৯<br>১৫/০১/২০<br>১৫/০৪/২০<br>১৫/০৭/২০ | ১৫/১০/১৯ | যথাসময়ে প্রেরণ করা হবে |
| ১২.৩ | আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | ১৫/০৭/১৯ | ১১/০৭/১৯ | ১৫/০৭/১৯ |

শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০১৯-২০ বাস্তবায়নের বিগত ৬ মাসের তথ্য পর্যালোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) সচিব/অতিরিক্ত সচিবগণের উপস্থিতিতে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত সংশ্লিষ্ট সকল অংশীজনদের (stakeholders) নিয়ে প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর এবং মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর পৃথক ২টি সভা মার্চ/২০২০ মাসের মধ্যে আয়োজন করবেন;

(খ) মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা তাদের নিয়ন্ত্রণাধীন শাখা পরিদর্শন অব্যাহত রাখবেন এবং পরিদর্শন প্রতিবেদনের ১টি কপি প্রশাসন-২ শাখায়ও প্রেরণ করবেন;

(গ) বার্ষিক উন্নয়ন কর্মসুচি (এডিপি) যথাসময়ে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উন্নয়ন অনুবিভাগ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে;

(ঘ) উন্নয়ন প্রকল্পসমুহের পরিদর্শন এবং ততপ্রেক্ষিতে সুপারিশের যথাযথ বাস্তবায়ন নিশ্চিতের প্রয়োজনীয় পদক্ষেপ উন্নয়ন অনুবিভাগ গ্রহণ করবে;

(ঙ) সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী সকল শাখা প্রধান নথি জানুয়ারি/২০২০ মাসের মধ্যে শ্রেণীবিন্যাস করে বিনষ্টযোগ্য নথি বিনষ্টের ব্যবস্থা গ্রহন করবেন। এ বিষয়ে উইং প্রধানগণ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

(চ) উইং প্রধানগণ প্রতি মাসে সংশ্লিষ্ট দপ্তর/ সংস্থার সাথে ভিডিও কনফারেন্স এর মাধ্যমে সভা করে অনিষ্পন্ন বিষয়াদিসহ অন্যান্য বিষয়ে দিক নির্দেশনা প্রদান করবেন।

(ছ) মন্ত্রণালয়ের ২০১৯-২০২০ অর্থ বছরের ক্রয় কার্যক্রম ই-টেন্ডারের মাধ্যমে সম্পন্ন করতে হবে।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করা হয়।

স্বাক্ষরতি/-
(আবদুল্লাহ আল মোহসীন চৌধুরী)
সচিব ও
সভাপতি, নৈতিকতা কমিটি
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

স্মারক নম্বরঃ ২২.০০.০০০০.০৫২.১৬.০০১.১৯. তারিখঃ ১২/০১/২০২০

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
(দৃষ্টি আকর্ষণঃ খন্দকার সাদিয়া আরাফিন উপসচিব, শুদ্ধাচার অধিশাখা)
২। অতিরিক্ত সচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৩। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৪। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫। চেয়ারম্যান, বাংলাদেশ বন শিল্প উন্নয়ন সংস্থা, মতিঝিল, ঢাকা।
৬। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ, জলবায়ু পরিবর্তন ট্রাস্ট, মহাখালী, ঢাকা।
৭। চেয়ারম্যান, বাংলাদেশ রাবার বোর্ড।
৮। পরিচালক, বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, চট্টগ্রাম।
৯। পরিচালক, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম, মিরপুর, ঢাকা।
১০। যুগ্মসচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
১১। সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১২/১/২০২০
(রেহানা ইয়াছমিন)
উপসচিব